

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, গোদাগাড়ী, রাজশাহী
doict.godagari.rajshahi.gov.bd


স্মারক নং- ৫৬.০৪.৮১৩৪.০০০.০০০.১৬.০০০১.১৯.০৩

তারিখঃ ২৪ মার্চ, ২০২৬

বিষয়ঃ বন অফিসের ওয়েব পোর্টালে কর্মকর্তার প্রোফাইল ও প্রয়োজনীয় তথ্যাদি হালনাগাদকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় ওয়েব পোর্টালের মাধ্যমে সরকারি তথ্যের স্বচ্ছতা ও সহজলভ্যতা নিশ্চিত করার লক্ষ্যে সকল দপ্তরের তথ্য নিয়মিত হালনাগাদ করা বাধ্যতামূলক। সম্প্রতি উপজেলা পর্যায়ের ওয়েব পোর্টালসমূহ পর্যবেক্ষণকালে দেখা গেছে যে, উপজেলা বন অফিসের ওয়েব পোর্টালে সংশ্লিষ্ট কর্মকর্তার প্রোফাইল ও প্রয়োজনীয় তথ্যাদি যথাযথভাবে হালনাগাদ করা নেই। এর ফলে সাধারণ নাগরিক ও সংশ্লিষ্ট সেবাগ্রহীতাগণ দাপ্তরিক যোগাযোগ এবং তথ্য প্রাপ্তিতে বিভ্রান্তির সম্মুখীন হচ্ছেন।

এমতাবস্থায়, আগামী তিন (৭) কার্যদিবসের মধ্যে বন অফিসের ওয়েব পোর্টালে কর্মকর্তার পূর্ণাঙ্গ প্রোফাইলসহ অন্যান্য অসম্পূর্ণ তথ্যসমূহ শতভাগ হালনাগাদ করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।



কামরুন্নাহার

উপজেলা আইসিটি অফিসার
উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী

উপজেলা বন কর্মকর্তার কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী।

অনুলিপিঃ সদয় অবগতি/ কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। জেলা আইসিটি কার্যালয়, রাজশাহী।
- ৩। অফিস কপি।